# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 19-01-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) ভোটার তালিকায় নাম সংযোজন এবং বিয়োজনের জন্য আবেদন জানানোর আজই শেষ দিন।

গণতন্ত্র ও নির্বাচনী ব্যবস্থাপনা নিয়ে আগামী বুধবার বিশ্বের অন্যতম বৃহৎ আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করতে চলেছে নির্বাচন কমিশন।

২) স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের নতুন নিয়োগ প্রক্রিয়ায় বয়সে ছাড় সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিমকোর্ট।

৩) ঝাড়খন্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

৪) ভারতীয় জলসীমায় প্রবেশের অভিযোগে একটি ট্রলার সহ ২৪ জন বাংলাদেশী মৎস্যজীবীকে আটক করেছে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী।

oooooooooooooooooooo

ভোটার তালিকায় নাম সংযোজন এবং বিয়োজনের জন্য আবেদন জানানোর আজই শেষ দিন। ওই তালিকায় নাম তুলতে ফর্ম-৬ এবং তালিকা থেকে নাম বাদ দিতে ফর্ম-৭ জমা দিতে হবে। নির্ধারিত সূচি অনুযায়ী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪ ফেব্রুয়ারি। ভোটার তালিকায় নতুন নাম তোলার জন্য সাধারণত ভোটারদের ৬ নম্বর ফর্ম পূরণ করতে হয়।

এছাড়া তালিকায় কোনও নাম অন্তর্ভুক্তির বিরোধিতা করা, মৃত বা স্থানান্তরিত ব্যক্তির নাম বাদ দিতে ফর্ম ৭ ব্যবহৃত হয়। তবে এই ফর্ম জমা নিয়ে রাজনৈতিক বিতর্ক শুরু হওয়ায় নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে, যে ব্যক্তি কোনো ভোটারের নাম বাদ দেওয়ার জন্য ফর্ম-৭ জমা দেবেন, তাঁকেই প্রথম শুনানির সম্মুখীন হতে হবে। নিজেকেই আবেদনের সারবত্তা প্রমাণ করতে হবে উপযুক্ত নথি দিয়ে। গতকাল পর্যন্ত ৪১ হাজার ৮৪৭ টি ফর্ম সাত জমা পড়েছে। পাশাপাশি  ভোটার তালিকায় নাম তোলার জন্য জমা পড়েছে সাড়ে ৫ লক্ষের বেশি আবেদন।

oooooooooooooooooooooo

গণতন্ত্র ও নির্বাচনী ব্যবস্থাপনা নিয়ে আগামী বুধবার বিশ্বের অন্যতম বৃহৎ আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করতে চলেছে  নির্বাচন কমিশন। নতুন দিল্লির ভারত মন্ডপমে নির্ধারিত ইন্ডিয়া ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট’- আইআইসিডিইএম-২০২৬ চলবে শুক্রবার পর্যন্ত। নির্বাচন কমিশনের অধীন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট তিন দিন ব্যাপী এই সম্মেলনের আয়োজন করছে।  এই সম্মেলনে বিশ্বের ৭০টিরও বেশি দেশ থেকে প্রায় ১০০ জন আন্তর্জাতিক প্রতিনিধি অংশ নেবেন। পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা, ভারতে অবস্থিত বিদেশী মিশন, এবং নির্বাচন ব্যবস্থাপনা ক্ষেত্রে গবেষক ও অভিজ্ঞ বিশেষজ্ঞরাও উপস্থিত থাকবেন।

২১ জানুয়ারি উদ্বোধনী অধিবেশনে আন্তর্জাতিক প্রতিনিধিদের স্বাগত জানাবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু ও বিবেক যোশী।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে এসআইআর-এর নামে হয়রানির অভিযোগ তুলে স্থানীয়রা আজ পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। সকাল থেকে ভাঙ্গনখালি এলাকায় রাজ্য সড়কের উপর টায়ার ও খড় জ্বালিয়ে চলে অবরোধ। এর জেরে দীর্ঘক্ষণ যান চলাচল স্তব্ধ হয়ে যায়। এলাকাবাসীর অভিযোগ, একাধিক নথি জমা দেওয়ার পরও তাদেরকে শুনানিতে ডেকে হেনস্থা করা হচ্ছে।

এদিকে, জেলার কুলপির কামারচক গ্রাম পঞ্চায়েতের মোল্লারচকে একই অভিযোগে বিএলও মালতি মণ্ডলের বাড়ি ঘিরে স্থানীয়রা বিক্ষোভ দেখান। পুলিশ এসে বিএলও-কে উদ্ধার করে নিয়ে যায়।

oooooooooooooooooooooooo

এস আই আর-এর নামে হেনস্থার অভিযোগে বাঁকুড়া জেলা প্রশাসনিক ভবনের বাইরে আজ বিক্ষোভ দেখান স্থানীয়দের একাংশ। তৃণমূল কংগ্রেস নেতা কর্মীদের মদতেই এই বিক্ষোভ বলে অভিযোগ।

উল্লেখ্য, দু'দিন আগে ছাতনা ব্লকে ৭ নং ফর্ম জমা দিতে গিয়ে বিডিও অফিসেই তৃণমূল নেতা কর্মীদের হাতে নিগৃহীত হন বিজেপি নেতা কর্মীরা।

oooooooooooooooooooooooo

নিজেদের বুথেই এসআইআর-এর শুনানীর দাবিতে পূর্ব বর্ধমানের ভাতারের আলিনগর গ্রামে রাস্তায় নেমে বিক্ষোভ দেখান এলাকাবাসী। বর্ধমান-নতুনহাট বাদশাহী রাজ্য সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভে সামিল হন তারা। এর জেরে যান চলাচল ব্যাহত হয়। পরে পুলিশ ও প্রশাসনিক আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

oooooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের নতুন নিয়োগ প্রক্রিয়ায় বয়সে ছাড় সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিমকোর্ট। কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা এর আগে জানিয়েছিলেন, এসএসসি যেহেতু  যোগ্য প্রার্থীদের তালিকা আলাদা করে প্রকাশ করেনি, তাই ওয়েটিং লিস্টে থাকা যোগ্যরাও নতুন নিয়োগ প্রক্রিয়ায় বয়েসের ক্ষেত্রে ছাড় পাবেন। শীর্ষ আদালতের বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে. বিনোদ চন্দ্রনের বেঞ্চ আজ কলকাতা হাইকোর্টের সেই নির্দেশের ওপর আপাতত স্থগিতাদেশ দিয়েছেন। একাদশ–দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় এই নির্দেশ প্রযোজ্য হবে।

উল্লেখ্য, দুর্নীতির অভিযোগে সুপ্রিম কোর্ট ২০১৬ সালের এসএসসির সমগ্র প্যানেল বাতিল করে জানায়, চাকরি হারানো যোগ্য প্রার্থীরা নতুন পরীক্ষায় বয়সের ক্ষেত্রে ছাড় পাবেন। এরপরই ওয়েটিংলিস্টে থাকা প্রার্থীরা হাইকোর্টের দ্বারস্থ হন। গত ১২-ই ডিসেম্বর হাইকোর্ট তাদের বয়সের ক্ষেত্রে ছাড় দেওয়ার নির্দেশ দেয়। এরপরই মামলা ওঠে সুপ্রিম কোর্টে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্বোধনের পরেই মা সারদার জন্মভূমি জয়রামবাটিতে বহু প্রতীক্ষিত ট্রেন পরিষেবা শুরু হওয়ায় খুশি সাধারণ মানুষ। মা সারদা বিষ্ণুপুর স্টেশন থেকে ট্রেন ধরে কলকাতায় যাতায়াত করতেন । এজন্য তাঁকে জয়রামবাটি থেকে বিষ্ণুপুর স্টেশন পর্যন্ত প্রায় ৪০ কিলোমিটার রাস্তা যাতায়াত করতে হত গরুর গাড়িতে। সেই জয়রামবাটিকে রেলপথে যুক্ত করার দাবি ছিল দীর্ঘদিনের। স্থানীয় এক বাসিন্দা আকাশবানীকে জানালেন-

(বাইট-সুবিধাভোগী)

২০০০-২০০১ অর্থবর্ষে জয়রামবাটি হয়ে বিষ্ণুপুর তারকেশ্বর রেলপথ নির্মাণের প্রকল্পের সূচনা হলেও ভাবাদিঘির জমিজটের কারণে দীর্ঘদিন ধরে থমকে যায় রেলপথ নির্মাণের

কাজ। রেলের তরফে জানানো হয়েছে, আপাতত একটি ট্রেন প্রতিদিন বাঁকুড়া থেকে জয়রামবাটি পর্যন্ত যাতায়াত করবে। এই রেললাইন তারকেশ্বরের সঙ্গে যুক্ত হলে সরাসরি হাওড়া পর্যন্ত ট্রেন চলাচল শুরু হবে। এর ফলে শুধু এলাকার আর্থ সামাজিক পরিস্থিতির বদল হবে তাই নয়, শিক্ষা, স্বাস্থ্য ও পর্যটনেরও বিকাশ ঘটবে। ট্রেন পরিষেবা শুরু হতেই আশপাশের বহু এলাকার মানুষ এমনকি স্থানীয় বিভিন্ন মন্দির ও মিশনের সাধু সন্ন্যাসীরাও উপস্থিত হয়েছিলেন মাতৃ জয়রামবাটি স্টেশনে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel-এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

ঝাড়খন্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। বিজেপি এবং স্থানীয় বাসিন্দাদের দায়ের করা এই দুটি মামলায় ঐ এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের আবেদন জানানো হয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে আগামীকাল এই মামলার শুনানির সম্ভাবনা।

oooooooooooooooooooo

ভারতীয় জলসীমায় প্রবেশের অভিযোগে একটি ট্রলার সহ ২৪ জন বাংলাদেশী মৎস্যজীবীকে আটক করেছে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জ ঘাঁটির উপকূলরক্ষী বাহিনীর জাহাজ গত সন্ধ্যায় টহল দেওয়ার সময় SB সাফ ওয়ান নামক ওই ট্রলারটিকে আটক করে। ২৪ জন মৎস্যজীবীকে ফ্রেজারগঞ্জ উপকূল থানার পুলিশের হাতে তুলে দেওয় হয়েছে। আগামীকাল তাদের কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হবে।

oooooooooooooooooooooo

জলপাইগুড়ি জেলার চালসার মহাবাড়ি সংলগ্ন মূর্তি নদীর ধারে পিকনিকের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে বন দপ্তর। চালসা জঙ্গলের রেঞ্জ অফিসার সাম্য রায় বলেন, চালসার কাছে মহাবাড়ি ও পানঝোড়া এলাকায় প্রবাহিত মূর্তি নদীর তীরবর্তী অঞ্চলটি হাতি চলাচলের গুরুত্বপূর্ণ করিডর। হাতির উপস্থিতি প্রায়ই লক্ষ্য করা যায়। মানুষ ও হাতির সংঘর্ষ এড়াতেই চালসা মহাবাড়ি সংলগ্ন মূর্তি নদীর তীরবর্তী অঞ্চলে বনভোজন সম্পূর্ণ রূপে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

উল্লেখ্য, মেটেলি ব্লকের জঙ্গল ঘেষা বিভিন্ন এলাকায় অতীতে মানুষ-হাতি সংঘর্ষে প্রাণ হানির ঘটনা ঘটেছে। বন দপ্তরের এই উদ্দ্যোগটির সাধুবাদ জানিয়েছে পরিবেশপ্রেমীরা।

ooooooooooooooooooooo

দুদিনের অষ্টম আঞ্চলিক বিজ্ঞান ও প্রযুক্তি কংগ্রেস গতকাল নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এ পি জে আব্দুল কালাম অডিটোরিয়ামে শেষ হয়েছে। সম্মেলনে স্যার সি ভি রামন স্মারক বক্তৃতা দেন কানপুর আইআইটির অধ্যাপক বিনোদ কুমার সিং। এছাড়াও বক্তব্য রাখেন আইএসআই কলকাতার অধ্যাপক প্রবাল চৌধুরী, অধ্যাপক বিভা

ট্যান্ডন প্রমুখ। বিজ্ঞান ক্ষেত্রের ১২ টি বিষয় থেকে নির্বাচিত ৪৮ জন গবেষককে সম্মানিত করা হয়।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার সাগর ব্লকের কয়লাপাড়া গ্রামে চলছে প্রাচীন ঐতিহ্যবাহী ভাঙ্গনেশ্বরী গঙ্গা মেলা। পৌষ সংক্রান্তি থেকে শুরু হয়ে আট দিনের এই মেলায় ব্যাপক জনসমাগম লক্ষ্য করা যাচ্ছে। রয়েছে গ্রামবাংলার ঐতিহ্যবাহী হস্তশিল্পের দোকান, খেলনা, খাবারের স্টল। এছাড়াও প্রতি সন্ধ্যায় থাকছে লোকসংগীত, যাত্রা, গাজন ও নানা বিনোদনমূলক অনুষ্ঠানের আসর। শিশু থেকে বৃদ্ধ—সব বয়সের মানুষের উপস্থিতিতে মুখরিত হয়ে উঠেছে মেলাপ্রাঙ্গণ।

সাগর ব্লকের মুড়িগঙ্গা নদী ও তার শাখানদীগুলির ভাঙন থেকে রক্ষা এবং নদীর কল্যাণ কামনায় প্রায় ৯৪ বছর ধরে গঙ্গা পুজো এবং এই মেলার আয়োজন করা হয়।

oooooooooooooooooooo

বাঁকুড়ার বন্ধ থাকা পাথর খাদান গুলি পুনরায় চালু করার জন্য রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করেছে। জেলার বন্ধ থাকা সতেরোটি পাথর খাদান চালু করার জন্য আগামী **১১**ই ফেব্রুয়ারি অনলাইন নিলাম অনুষ্ঠিত হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। তার দুই সপ্তাহের মধ্যে পরবর্তী প্রক্রিয়া শেষ করে খাদানের কাজ শুরু হবে।

oooooooooooooooooooo

কলকাতার আমহার্স্ট্রীট থানা এলাকায় শ্যামসুন্দরী মন্দিরে মৌনি অমাবস্যা উপলক্ষে পুজো দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে গন্ডগোলের ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে মমলা রুজু করেছে পুলিশ।

উল্লেখ্য, গতকাল সন্ধ্যায় অমাবস্যার বিশেষ তিথি উপলক্ষে দুরদূরান্ত থেকে বহু ভক্তের সমাগম হয় মন্দিরে। এরপরই সন্ধ্যা ৬-টা নাগাদ মন্দিরের দরজা বন্ধ করে দেওয়া হয় বলে অভিযোগ। এরপর পুন্যার্থীরা বিক্ষোভ প্রদর্শন শুরু করলে বিরাট পুলিশ

বাহিনী সেখানে পৌঁছে ব্যারিকেড করতে গেলে প্রথমে বচসা, পরে পুলিশকে লক্ষ্য করে ইট বৃষ্টি করা হয় বলে খবর। উত্তেজিত জনতাকে সরাতে পুলিশের বিরুদ্ধে লাঠিচার্জেরও অভিযোগ রয়েছে।

oooooooooooooooooo

সারারাজ্যেই শীতের আমেজ বজায় রয়েছে। আগামী ৭ দিন রৌদ্রজ্জ্বল আবহাওয়া থাকবে, ধীরে ধীরে তাপমাত্রা কিছুটা বাড়ার সম্ভাবনা রয়েছে। আজ দক্ষিণবঙ্গের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে নয় দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস।উত্তরবঙ্গের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় বাগডোগরায় ১০ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং আজ সকালে তাপমাত্রা ছিল তিন ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে মালদা, দার্জিলিং এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় হালকা কুয়াশা ছিল।

ooooooooooooooooooo